

গবেষণায় বিশেষ অবদানে ডিন'স অ্যাওয়ার্ড পেলেন শাবির ৪ শিক্ষক

শাবিপ্রবি প্রতিনিধি

২৮ মার্চ ২০২৩ ০৪:৫১ পিএম | আপডেট: ২৮ মার্চ

২০২৩ ০৪:৫১ পিএম

62
Shares



অতিথিদের সঙ্গে অ্যাওয়ার্ড পাওয়া শিক্ষকরা

advertisement

গবেষণায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ডিন'স অ্যাওয়ার্ড পেয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) বিভিন্ন বিভাগের চার শিক্ষক। বিশ্ববিদ্যালয়ের অ্যাপ্লাইড সায়েন্সেস অ্যান্ড টেকনোলজি অনুষদের উদ্যোগে এই অনুষ্ঠানভুক্ত গবেষকদের অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ অ্যাওয়ার্ড প্রদান করেন উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

advertisement

অ্যাওয়ার্ডপ্রাপ্ত গবেষকদের মধ্যে সিভিল ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্ট অ্যান্ড আর্কিটেকচার ক্যাটাগরিতে পেয়েছেন পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (পিএমই) বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. ফরহাদ হাওলাদার, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং ক্যাটাগরিতে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাদিয়া সুলতানা, কেমিক্যাল, পেট্রোলিয়াম, ফুড অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং ক্যাটাগরিতে ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এফইটি) বিভাগের অধ্যাপক ড. ওয়াহিদুজ্জামান, মেকানিক্যাল, ম্যানুফেকচারিং অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং ক্যাটাগরিতে ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মাহমুদ হাসান।

আরও পড়ুন: ডেন্টালে ভর্তি পরীক্ষার আবেদন শুরু

advertisement

অনুষ্ঠানে অ্যাপ্লাইড সায়েন্সেস অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আরিফুল ইসলামের সভাপতিত্বে এবং ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. চৌধুরী আবুল আনাম রাশেদের সঞ্চালনায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুল ইসলাম, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের প্রধান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. ফজলুর রহমান এবং শিক্ষকরা উপস্থিত ছিলেন।